

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
খুলনা বিভাগীয় কার্যালয়, টিসিবি ভবন (২য় তলা)
শিববাড়ী মোড়, খুলনা।
dnrcrp.khulnadiv.gov.bd

স্মারক নং-২৬.০৪.০০০০.৭০১.০৫.০০২.২১. ২৭৭

তারিখ : ১৭ জ্যৈষ্ঠ ১৪২৮
০১ জুন ২০২১

“শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭” এর আলোকে খুলনা বিভাগের কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ ইব্রাহীম হোসেন
উপপরিচালক
তারিখ : ০১ জুন ২০২১খ্রি.
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা
স্থান : বিভাগীয় কার্যালয়ের সম্মেলন কক্ষ।

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। উক্ত সভায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয় এবং খুলনা বিভাগের অধীনস্থ জেলা কার্যালয়সমূহের কর্মকর্তা/কর্মচারীদের বর্ণিত নীতিমালার অনুসরণে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

১। সরকারি কর্মকর্তা কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের লক্ষ্যে সরকার “শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৭” প্রণয়ন করেছে এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে কর্মচারীদের শুদ্ধাচার চর্চায় উৎসাহ প্রদানের ক্ষেত্রে এই নীতিমালা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উক্ত নীতিমালায় বর্ণিত সূচকের ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুযায়ী ২০২০-২০২১ অর্থবছরে খুলনা বিভাগীয় কার্যালয়ের গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত কর্মচারীদের মধ্য হতে জনাব মোঃ জাকারিয়া হোসেন, গবেষণাগার সহকারী, বিভাগীয় কার্যালয়, খুলনা এবং খুলনা বিভাগের জেলা কার্যালয়সমূহের গ্রেড-৩ হতে গ্রেড-১০ ভুক্ত কর্মকর্তাদের মধ্য হতে জনাব কাজী রকিবুল হাসান, সহকারী পরিচালক, জেলা কার্যালয়, কুষ্টিয়া-কে শুদ্ধাচার পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। পুরস্কার হিসেবে নীতিমালা মোতাবেক একটি সনদপত্র ও এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ ইব্রাহীম হোসেন
উপপরিচালক

ও

সভাপতি

বিভাগীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটি
ফোন : ০২৪৭৭-৭২২৩১১
dd-khulna@dnrcrp.gov.bd

স্মারক নম্বর-২৬.০৪.০০০০.৭০১.০৫.০০২.২১. ২৭৭/২(২২)

তারিখ : ০১-০৬-২০২১খ্রি:

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।

২। সহকারী পরিচালক (সকল), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর,.....।

৩। অফিস কপি।